দৈনিক ইত্তেফাক

তারিখ ... 6 JUL 1994 ...
পৃষ্ঠা ৫ কলাম ৭

16

# ছাত্রসংখ্যা ৪শত শিক্ষক ৩ জন

চৌমুহনী সংবাদদাতা ॥ ছাত্র সংখ্যা চারশত হইলেও শহর এলাকার একটি সরকারী প্রাথমিক বিদ্যালয় চলে মাত্র তিনজন শিক্ষক দিয়ে। ফলে বিদ্যালয়ের লেখাপড়া দারুণভাবে ব্যাহত হইতেছে।

চৌমুহনী শহর এলাকার আলীপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রী প্রায় চারশত। বর্তমানে প্রধান শিক্ষকসহ শিক্ষক সংখ্যা ৩ জন। ফলে বিদ্যালয়ের লেখাপড়া ব্যাহত হইতেছে। স্থানীয় অভিভাবকরা নিজেদের ছেলে-মেয়েদেরকে অন্য বিদ্যালয়ে নিয়া যাইতেছে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবদুল মতিন জানান, নতুন চাকুরীপ্রাপ্ত একজন শিক্ষিকা গত ২রা জানুয়ারী বিদ্যালয়ে যোগদান করিয়া গত ২৭শে মার্চ দুই মাসের ছুটি নিয়া যাওয়ার পর এই পর্যন্ত যোগদান করেন নাই। তিনি আরও জানান, উক্ত শিক্ষিকা ঢাকা ইডেন বিশ্ববিদ্যালয় কলেজের সম্মান (গণিত) শ্রেণীর একজন নিয়মিত ছাত্রী। বর্তমানে তিনি উক্ত কলেজে নিয়মিত অধ্যয়ন করিতেছেন। এমতাবস্থায় শিক্ষকের অভাবে বিদ্যালয়ের লেখাপড়ায় বিঘ্ন সৃষ্টি হইতেছে। অথচ কর্তৃপক্ষ এই ব্যাপারে উদাসীন।